সংবাদ

তারিখ 1/6/83
পৃষ্ঠা 1 কলাম 3

004

# প্রাথমিক স্কুলের ব্যবস্থাপনা থানা প্রশাসনের অধীনে ন্যস্ত করার সিদ্ধান্ত

ময়মনসিংহ, ৩১শে মে (বাসস)।--সরকার স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষ বিলোপ এবং প্রাথমিক স্কুলগুলোর ব্যবস্থাপনা উন্নীত থানা প্রশাসনের অধীনে ন্যস্ত করার সিদ্ধান্ত নিয়েছেন। শিক্ষামন্ত্রী ডঃ এ, মজিদ খান আজ এখানে একথা ঘোষণা করেন।

মন্ত্রী বলেন, অবশ্য সরকারী চাকুরে হিসাবে প্রাথমিক স্কুল শিক্ষকদের বর্তমান মর্যাদা অক্ষুণ্ন থাকবে এবং প্রাথমিক স্কুলগুলোর সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব ন্যস্ত থাকবে শিক্ষা মন্ত্রণালয়ের হাতে।

পাবলিক হলে প্রাথমিক শিক্ষকদের এক সমাবেশে ভাষণদানকালে ডঃ খান বলেন, থানাকে দেশের সার্বিক উন্নয়ন তৎপরতার কেন্দ্র বিন্দুতে পরিণত করার লক্ষ্যে সরকারের প্রশাসনিক বিকেন্দ্রীকরণ কর্মসূচী অনুসারে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

ডঃ খান বলেন, সরকার প্রাথমিক স্কুল শিক্ষকদের আরো দায়িত্ব দেয়ার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করছেন, যাতে তারা স্কুলগুলো যথাযথভাবে পরিচালনা করতে পারেন।